# মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০

( ২০২০ সনের ২৬ নং আইন )

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২০১৮ সনের ৬৩নং আইনের ধারা ২ এর সংশোধন**

২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর-

(ক) দফা (৫) এ উল্লিখিত ' 'হাইড্রোকার্বনজাত (OH®) হাইড্রোক্সিল' ' শব্দগুলি, বন্ধনী, বর্ণগুলি ও চিহ্নের পরিবর্তে ' 'হাইড্রোকার্বনজাত হাইড্রোক্সিল(OH®)' ' শব্দগুলি, বন্ধনী, বর্ণগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (৭) এর পর নিম্নরূপ নূতন দফা (৭ক) সন্নিবেশিত হইবে, যথা:-

(৭ক) 'এখতিয়ারসম্পন্ন আদালত' অর্থ ফৌজদারী কার্যবিধি অনুযায়ী, ক্ষেত্রমত, অপরাধ আমলে গ্রহণের অথবা বিচারের এখতিয়ারসম্পন্ন কোনো আদালত;' ' ;

(গ) দফা (২৬) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২৬) প্রতিস্থাপিত হইবে, যথা:-

' '(২৬) 'ব্যক্তি' অর্থে যে কোনো কোম্পানী, প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ অথবা অনুরূপ সংঘ বা সমিতিও অন্তর্ভুক্ত হইবে;' ' ;

(ঘ) দফা (৩৩) বিলুপ্ত হইবে;

(ঙ) দফা (৩৪) এর প্রান্তস্থিত সেমিকোলন চিহ্নের পর ' 'এবং' ' শব্দ সংযোজিত হইবে;

(চ) দফা (৩৫) এর প্রান্তস্থিত সেমিকোলন চিহ্নের পরিবর্তে দাঁড়ি চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং ' 'এবং' ' শব্দ বিলুপ্ত হইবে; এবং

(ছ) দফা (৩৬) বিলুপ্ত হইবে।

**২০১৮ সনের ৬৩নং আইনের ধারা ২৩ এর সংশোধন**

৩। উক্ত আইনের ধারা ২৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত ' 'কাস্টমসের পরিদর্শক' ' শব্দগুলির পরিবর্তে ' 'কাস্টমসের সহকারী রাজস্ব কর্মকর্তা' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**২০১৮ সনের ৬৩নং আইনের**

**ধারা ২৬ এর সংশোধন**

৪। উক্ত আইনের ধারা ২৬ এর উপ-ধারা (৪) এ উল্লিখিত ' 'ম্যাজিস্ট্রেট আদালত বা, ক্ষেত্রমত, ট্রাইব্যুনালের' ' শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালতের' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**২০১৮ সনের ৬৩নং আইনের ধারা ২৭ এর সংশোধন**

৫। উক্ত আইনের ধারা ২৭ এর উপ-ধারা (১) এ উল্লিখিত-

(ক) ' 'ম্যাজিস্ট্রেট আদালত বা ট্রাইব্যুনালে' ' শব্দগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালত' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ' 'ম্যাজিস্ট্রেট আদালত বা ট্রাইব্যুনাল' ' শব্দগুলির পরিবর্তে ' 'উক্ত আদালত' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**২০১৮ সনের ৬৩নং আইনের ধারা ২৮ এর সংশোধন**

৬। উক্ত আইনের ধারা ২৮ এর-

(ক) উপ-ধারা (২) এ উল্লিখিত ' 'উক্ত ম্যাজিস্ট্রেট আদালত বা ট্রাইব্যুনালের' ' শব্দগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালতের' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-ধারা (৩) এ উল্লিখিত ' 'সকল কর্তৃপক্ষ' ' শব্দগুলির পরিবর্তে ' 'অন্যান্য সংস্থা' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**২০১৮ সনের ৬৩নং**

৭। উক্ত আইনের ধারা ২৯ এর উপ-ধারা (২) এ উল্লিখিত-

**আইনের ধারা ২৯ এর সংশোধন**

(ক) ''ম্যাজিস্ট্রেট আদালত বা ট্রাইব্যুনালের'' শব্দগুলির পরিবর্তে ''এখতিয়ারসম্পন্ন আদালতের'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ''ম্যাজিস্ট্রেট আদালত বা ট্রাইব্যুনালকে'' শব্দগুলির পরিবর্তে ''আদালতকে'' শব্দটি প্রতিস্থাপিত হইবে।

**২০১৮ সনের ৬৩নং আইনের ধারা ৩১ এর সংশোধন**

৮। উক্ত আইনের ধারা ৩১ এর-

(ক) উপ-ধারা (১) এর-

(অ) দফা (ক) তে উল্লিখিত ''ম্যাজিস্ট্রেট আদালতের'' শব্দগুলির পরিবর্তে ''এখতিয়ারসম্পন্ন আদালতের'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) তে উল্লিখিত ''ম্যাজিস্ট্রেট আদালত'' শব্দগুলির পরিবর্তে ''এখতিয়ারসম্পন্ন আদালত'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এ উল্লিখিত ''ম্যাজিস্ট্রেট আদালত'' শব্দগুলির পরিবর্তে ''এখতিয়ারসম্পন্ন আদালত'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-ধারা (৩) এ উল্লিখিত ' 'ম্যাজিস্ট্রেট আদালত' ' শব্দগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালত' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-ধারা (৪) এ উল্লিখিত ' 'ম্যাজিস্ট্রেট' ' শব্দের পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালত' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) উপ-ধারা (৫) এ উল্লিখিত ' 'ম্যাজিস্ট্রেট আদালত' ' শব্দগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালত' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(চ) উপ-ধারা (৬) এ উল্লিখিত ' 'ম্যাজিস্ট্রেট আদালত' ' শব্দগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালত' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**২০১৮ সনের ৬৩ নং আইনের ধারা ৩৩ এর সংশোধন**

৯। উক্ত আইনের ধারা ৩৩ এর-

(ক) উপ-ধারা (৩) এ উল্লিখিত ' 'ম্যাজিস্ট্রেট আদালত বা ট্রাইব্যুনালে' ' শব্দগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালতে' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (৪) এ উল্লিখিত ' 'ম্যাজিস্ট্রেট আদালত বা ট্রাইব্যুনাল' ' শব্দগুলির পরিবর্তে ' 'এখতিয়ারসম্পন্ন আদালত' ' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং